রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ডিসেম্বর ১৩, ২০১৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**ভূমি মন্ত্রণালয়**

**প্রশাসন-১ অধিশাখা**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১১ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ৩১.০০.০০০০.০৩৫.০১২.০০৬.১৬-১৭৩০**—ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন অভ্যন্তরীণ নিরীক্ষার কাজে নিয়োজিত হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরে (কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা/০৩ এর আলোকে পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ পূরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় পরীক্ষা পদ্ধতি (নিয়মাবলী) এবং বিষয় (সিলেবাস) অনুসরণ করতে হবে ঃ—

১। **সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) Assistant Controller of Accounts (Rev) :—**

(ক) নিয়োগবিধি অনুযায়ী হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) পদে ৭ বছর চাকুরী হলে সংশ্লিষ্ট হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)-গণ সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) পদে পদোন্নতির বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রত্যেক বিষয়ে ১০০ নম্বর করে ৪টি বিষয়ের উপর মোট ৪০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক বিষয়ে ১০০ নম্বরের মধ্যে ৫০% ভাগ নম্বর পেলে সংশ্লিষ্ট প্রার্থী কৃতকার্যবলে বিবেচিত হবেন। পরীক্ষায় অকৃতকার্যদের মধ্যে কেহ কোনো বিষয়ে উত্তীর্ণ হলে তাঁকে পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষা দিতে হবে না।

(খ) সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) পদের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা ভূমি মন্ত্রণালয় এবং হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব)-এর যৌথ তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে।


মূল্য ঃ টাকা ৮.০০

২। **হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) Superintendent of Accounts (Rev) :—**

(ক) নিয়োগবিধি অনুযায়ী নিরীক্ষক (রাজস্ব) পদে ৫ বছর চাকুরী হলে হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) পদে পদোন্নতির বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রত্যেক বিষয়ে ১০০ নম্বর করে ৫টি বিষয়ের উপর মোট ৫০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক বিষয়ে ১০০ নম্বরের মধ্যে ৫০% নম্বর পেলে সংশ্লিষ্ট প্রার্থী কৃতকার্যবলে বিবেচিত হবেন। পরীক্ষায় অকৃতকার্যদের মধ্যে কেহ কোনো বিষয়ে উত্তীর্ণ হলে তাকে পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষা দিতে হবে না।

(খ) হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) Superintendent of Accounts (Rev) পদের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে।

৩। **নিরীক্ষক (রাজস্ব) Auditor (Rev) :—**

(ক) নিয়োগবিধি অনুযায়ী অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে ৫ (পাঁচ) বছর চাকুরী হলে নিরীক্ষক (রাজস্ব) পদে পদোন্নতির বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রত্যেক বিষয়ে ১০০ নম্বর করে ৩টি বিষয়ের উপর মোট ৩০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রত্যেক বিষয়ে ১০০ নম্বরের মধ্যে ৪৫% নম্বর পেলে সংশ্লিষ্ট প্রার্থী কৃতকার্যবলে বিবেচিত হবেন। পরীক্ষায় অকৃতকার্যদের মধ্যে কেহ কোনো বিষয়ে উত্তীর্ণ হলে তাকে পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষা দিতে হবে না।

(খ) নিরীক্ষক (রাজস্ব) Auditor (Rev) পদের বিভাগীয় পরীক্ষা হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মধ্য থেকে পরীক্ষার ফলাফলের মেধার ক্রমানুসারে পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হবে।

৪। বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মধ্য থেকে পরীক্ষার ফলাফলের মেধার ক্রমানুসারে সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) Assistant Controller of Accounts (Rev) ও হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) Superintendent of Accounts (Rev) এর শূন্যপদের বিপরীতে পদোন্নতির সুপারিশ গ্রহণের জন্য বাংলাদেশ সরকারী কর্মকমিশনে প্রস্তাব প্রেরণ করতে হবে। অতঃপর কর্মকমিশনের সুপারিশ অনুযায়ী সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় পদোন্নতির প্রজ্ঞাপন জারী করবেন।

৫। **বিভাগীয় পদোন্নতি পরীক্ষার বিষয় ও সিলেবাস পদওয়ারী নিম্নে প্রদত্ত হলো ঃ—**

**সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) পদের বিভাগীয় পরীক্ষার বিষয়সমূহ ও সিলেবাস**

| পত্র | বিষয় ও সিলেবাস | পূর্ণ নম্বর |
|---|---|---|
| ১ম | বাংলাদেশ-আন্তর্জাতিক বিষয়াবলী ও আই.সি.টি স্কিল্‌স। | ১০০ |
| ২য় (ব্যবহারিক) | (ক) বাংলাদেশ সার্ভিস রুল্‌স (পার্ট-১ ও পার্ট-২)<br>(খ) এস্টাবলিস্টমেন্ট ম্যানুয়াল (পার্ট-১ ও পার্ট-২)<br>(গ) আর্থিক ক্ষমতার বিধি-বিধান<br>(ঘ) পাবলিক প্রকিউরমেন্ট আইন<br>(ঙ) সচিবালয় নির্দেশিকা<br>(চ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধান | ১০০ |
| ৩য় (ব্যবহারিক) | (ক) ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল<br>(খ) ভূমি প্রশাসন ম্যানুয়াল (পার্ট-১, ২ ও ৩)<br>(গ) ভূমি রেকর্ড ও জরিপ সংক্রান্ত বিধি-বিধান<br>(ঘ) ভূমি অধিগ্রহণ ম্যানুয়াল<br>(ঙ) অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা<br>(চ) ভূমি সংক্রান্ত আইনের প্রাসঙ্গিক বিধি-বিধান | ১০০ |
| ৪র্থ পত্র (ব্যবহারিক) | (ক) ট্রেজারী রুলস ও সাবসিডিয়ারী রুল্‌স<br>(খ) জেনারেল ফাইনানসিয়াল রুল্‌স<br>(গ) আয়কর ও মূসক আইন<br>(ঘ) অডিট কোড<br>(চ) পারফরমেন্স অব অডিট<br>(ছ) এ্যাকাউন্টস কোড<br>(জ) নিরীক্ষা হিসাববিধি-পদ্ধতি | ১০০ |

**হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) পদের বিভাগীয় পরীক্ষার বিষয়সমূহ ও সিলেবাস**

| পত্র | বিষয় ও সিলেবাস | পূর্ণ নম্বর |
|---|---|---|
| ১ম | সার-সংক্ষেপ, খসড়া ও বেসিক আই.সি.টি স্কিল্‌স | ১০০ |
| ২য় (ব্যবহারিক) | (ক) অডিট কোড<br>(খ) এ্যাকাউন্টস কোড<br>(গ) সার্টিফিকেট ম্যানুয়াল<br>(ঘ) জেনারেল ফাইনানশিয়াল রুল্‌স<br>(ঙ) ট্রেজারী রুলস ও সাবসিডিয়ারী রুল্‌স<br>(চ) প্র্যাকটিস এন্ড প্রসিডিউর ম্যানুয়াল | ১০০ |

| পত্র | বিষয় ও সিলেবাস | পূর্ণ নম্বর |
|---|---|---|
| ৩য় (তাত্ত্বিক) | (ক) রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ত্ব আইন<br>(খ) ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল<br>(গ) ভূমি অধিগ্রহণ ম্যানুয়াল<br>(ঘ) ভূমি রেকর্ড ও জরিপ সংক্রান্ত বিধি-বিধান | ১০০ |
| ৪র্থ (ব্যবহারিক) | (ক) বাংলাদেশ সার্ভিস রুল্স (পার্ট-১ ও পার্ট-২)<br>(খ) সরকারি কর্মচারী শৃঙ্খলা ও আপীল বিধিমালা<br>(গ) পেনশন বিধিমালা<br>(ঘ) সরকারি কোষাগারে অর্থ জমার কোডসমূহ | ১০০ |
| ৫ম (ব্যবহারিক) | (ক) নিরীক্ষা ও হিসাববিধি<br>(খ) অডিট আপত্তি এবং নিষ্পত্তির বিধি ও পদ্ধতি<br>(গ) মূল্য সংযোজন আইন-৯১ ও বিধিমালা<br>(ঘ) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ ও বিধিসমূহ<br>(ঙ) আর্থিক ক্ষমতা অর্পণ বিধি | ১০০ |

**নিরীক্ষক (রাজস্ব) পদের পরীক্ষার বিষয়সমূহ ও সিলেবাস**

| পত্র | বিষয় ও সিলেবাস | পূর্ণ নম্বর |
|---|---|---|
| ১ম | সার-সংক্ষেপ, খসড়া ও বেসিক আই.সি.টি স্কিল্স। | ১০০ |
| ২য় | ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল | ১০০ |
| ৩য় (ব্যবহারিক) | বাংলাদেশ সার্ভিস রুল্স (পার্ট-১ ও পার্ট-২) | ১০০ |

৬। এতদ্বারা নং-ভূঃমঃ/শা-১/হিঃনিঃ(পরীক্ষা পদ্ধতি)-৯/২০০৩—২১০৩-এর পরীক্ষা পদ্ধতি (নিয়মাবলী) এবং বিষয় (সিলেবাস) বাতিল বলে গণ্য হবে। তবে ইতোমধ্যে উক্ত পরীক্ষা পদ্ধতি এবং সিলেবাসের আওতায় যারা কৃতকার্য হয়ে পদোন্নতি পেয়েছেন এবং যাদের পদোন্নতির কার্যক্রম চলমান রয়েছে তা বহাল থাকবে।

**মেছবাহ উল আলম**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd